

দুর্গাপুর উপজেলায় উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

দুর্গাপুর (নেত্রকোণা) থেকে নিজস্ব
সংবাদদাতা : নেত্রকোণা জেলাধীন দুর্গাপুর
উপজেলায় ১৯টি সরকারি ও বেসরকারি
প্রাথমিক বিদ্যালয়ের প্রায় পাঁচ হাজার
ছাত্রছাত্রীর কাছ থেকে উপবৃত্তির ১শ' টাকা
করে উপজেলা শিক্ষা অফিসারকে সেলানি
দিতে হবে বলে নির্দিষ্ট প্রধান শিক্ষকরা
উপবৃত্তির প্রচুর টাকা হাতিয়ে নিয়েছেন বলে
খবর পাওয়া গেছে।

অভিভাবকরা প্রথমে স্থানীয় নেতৃশ্রেণিকে
জানান। ১লা হুন দুর্গাপুর উপজেলা নির্বাহী
অফিসারের কাছে এক নির্দিষ্ট অভিযোগ
দায়ের করেন। এ ব্যাপারে উপজেলা শিক্ষা
অফিসারকে জিজ্ঞাসা করা হলে বলেন, কিছু
কিছু বিদ্যালয় তার নাম ভাঙিয়ে সেলানি
আদায় করছে জানতে পেরেছেন। তবে
তিনি কোন টাকাই নেয়নি বলে জানান।

জানুয়ারি হতে মার্চ ২০০৩ এই তিন
মাসে উপবৃত্তির ৩শ' টাকা হতে প্রতিজ্ঞনের
কাছ থেকে ১শ' টাকা আদায় করা হয়।
২৯শে মে বিরিশিরি ইউনিয়নের
পলাশকান্দি রেজি. বেসরকারি প্রাথমিক
বিদ্যালয়ের অভিভাবকরা স্থানীয় সোনাপী
ব্যাংক থেকে উপবৃত্তির টাকা উত্তোলন
করার সঙ্গে সঙ্গে ওই বিদ্যালয়ের প্রধান
শিক্ষক মোশারফ হোসেন ৮৬ জন
অভিভাবকদের কাছ থেকে ১শ' টাকা করে
শিক্ষা অফিসারকে দিতে হবে বলে সেলানি
আদায় করেন। শিক্ষা অফিসারকে বুশি
করতে না পারলে পরবর্তীতে উপবৃত্তির
কার্ড বাতিল হয়ে যাবে বলে তিনি হুমকি
প্রদর্শন করেন। ঘটনাটি বিদ্যালয়ের